


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
এফটিএ-৩ শাখা
www.mincom.gov.bd

বিষয়: বাংলাদেশ গার্মেন্টস বায়িং হাউজ এসোসিয়েশন (বিজিবিএ) এর ২০২৪-২৬ মেয়াদী দ্বি-বার্ষিকী কার্যনির্বাহী পরিষদ নির্বাচনের লক্ষ্যে সদস্যপদ হালনাগাদকরণ, তফসিল ঘোষণা এবং নির্বাচন সংশ্লিষ্ট সার্বিক বিষয়ে মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ছাদেক আহমদ
উপসচিব, বাণিজ্য মন্ত্রণালয়
তারিখ ও সময় : ০৭ অক্টোবর ২০২৩ সকাল ১১.০০ টায়
সভার স্থান : Retired Armed Forces Officers' Welfare Association,
Bangladesh (RAOWA), Vip Road, Mohakhali, Dhaka-
1206
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

উপস্থিত সম্মানিত প্রশাসক, বিজিবিএ; নির্বাচন বোর্ডের সদস্য, বিজিবিএ নির্বাচন ২০২৪-২৬ এবং এসোসিয়েশনের সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বাংলাদেশ গার্মেন্টস বায়িং হাউজ এসোসিয়েশন (বিজিবিএ) এর ২০২৪-২৬ মেয়াদী দ্বি-বার্ষিকী কার্যনির্বাহী পরিষদ নির্বাচনের লক্ষ্যে সদস্যপদ হালনাগাদকরণ, নির্বাচনী তফসিল ঘোষণা এবং সংশ্লিষ্ট সার্বিক বিষয়ে উপস্থিত সকল সদস্যদের সাথে আলোচনা করা হয়। আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) ২১ নভেম্বর ২০২৩ তারিখে বিজিবিএ এর ২০২৪-২৬ মেয়াদী দ্বি-বার্ষিকী কার্যনির্বাহী পরিষদ নির্বাচনের নির্বাচনী তফসিল ও নির্বাচন সংক্রান্ত তথ্যাবলি ও আচরণবিধি ঘোষণা করা হবে;
 - খ) ২০২৪-২৬ মেয়াদী দ্বি-বার্ষিকী কার্যনির্বাহী পরিষদ নির্বাচনের লক্ষ্যে সদস্যপদ হালনাগাদকরণের সর্বশেষ সময়সীমা ০১ জানুয়ারি ২০২৪ নির্ধারণ করা হলো;
 - গ) বিজিবিএ এর ২০২৪-২৬ মেয়াদী দ্বি-বার্ষিকী কার্যনির্বাহী পরিষদের নির্বাচনের দিন হিসেবে ০২ মার্চ ২০২৪ তারিখ (শনিবার) নির্ধারণ করা হলো;
 - ঘ) Optical Mark Recognition (OMR) পদ্ধতি অর্থাৎ, ইলেক্ট্রনিক মেশিনের মাধ্যমে ভোট গণনা করা হবে;
 - ঙ) প্যানেল আকারে নির্বাচন করতে চাইলে চূড়ান্ত প্রার্থী তালিকা ঘোষণার পূর্বে নির্বাচন বোর্ডকে লিখিতভাবে অবহিত করতে হবে;
 - চ) জনসমাগম ও গাড়ি পার্কিং এর সুব্যবস্থা রয়েছে এমন স্থানে নির্বাচনের কেন্দ্র নির্ধারণ করা হবে;
 - ছ) নির্বাচনী তফসিল ও আচরণ বিধি, নোটিশ/বিজ্ঞপ্তি এবং অফিস আদেশ/প্রজ্ঞাপন ইত্যাদি ডাকযোগে, ওয়েবসাইটে, ই-মেইলে এবং নোটিশ বোর্ডে প্রকাশ/প্রেরণ করা হবে।
- ০২। উল্লেখ্য, উপরে উল্লিখিত সিদ্ধান্তসমূহ (সিদ্ধান্ত ক-ছ) প্রয়োজনীয় ক্ষেত্রে পরিবর্তন/পরিমার্জন/সংশোধনের এখতিয়ার নির্বাচন বোর্ড, বিজিবিএ নির্বাচন ২০২৪-২৬ সংরক্ষণ করে।
- ০৩। আলোচনা শেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


২০/১০/২৩
ছাদেক আহমদ
উপসচিব